

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের
নিমিত্তে গঠিত 'নৈতিকতা কমিটি' এর ২য় সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব এ এইচ এম আবদুল্লাহ
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি

স্থান : প্রধান কার্যালয়স্থ সম্মেলন কক্ষ
তারিখ : ২৭ ডিসেম্বর, ২০১৫
সময় : বেলা ০৩:৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'ক'

ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত গঠিত 'নৈতিকতা কমিটি' এর সভাপতির সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। বিগত ২২।১১।২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশের পরিপ্রেক্ষিতে মহাব্যবস্থাপক হতে ব্যবস্থাপক পর্যায় পর্যন্ত সকল কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে নৈতিকতা কমিটির সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বেগম জান্নাতুন আরা বেগমকে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। বেগম জান্নাতুন আরা বেগম সভাকে অবহিত করেন যে, সময়াবদ্ধ কর্মপরিকল্পনার ১.২, ১.৩ এবং ৯.১-এ বর্ণিত কার্যসূচক সম্পাদনের লক্ষ্যে ফাউন্ডেশনের নৈতিকতা কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়েছে। উল্লেখ্য এসংক্রান্ত ১ম সভা অনুষ্ঠিত হয় বিগত ১৫।১১।২০১৫ তারিখে তাই এটি ২য় সভা/বিগত ২২।১১।২০১৫ তারিখে ফাউন্ডেশনের সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা জানুয়ারি, ২০১৫ - জুন, ২০১৬ প্রণয়ন করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়। তবে প্রেরণকৃত কর্মপরিকল্পনায় কিছুটা অসামঞ্জস্য থাকায় কর্মপরিকল্পনাটি সংশোধনের প্রয়োজন রয়েছে যা অদ্যকার সভায় সংশোধন করা হবে। তিনি আরো অবহিত করেন যে, সংশোধন আকারে কর্মপরিকল্পনাটি উপস্থাপন করা হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনার উপর বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

০১। ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৫ - ২০১৬ এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত সকল সভায় ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক থেকে ব্যবস্থাপক পর্যায়ের সকল কর্মকর্তা উপস্থিত থাকবে।

০২। ফাউন্ডেশনের সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা জানুয়ারি, ২০১৫ - জুন, ২০১৬ চূড়ান্ত করা হলে। কর্মপরিকল্পনায় ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত অর্জন দেখিয়ে এটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে।


০৩। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি কার্যসূচক শতভাগ অর্জনে দায়িত্ব প্রাপ্ত কমিটি/কর্মকর্তা যথাযথভাবে কার্য-সম্পাদন করবে।

০৪। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ছকটি দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পকে সরবরাহপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করতে হবে।

০৫। কর্মপরিকল্পনার ৩.১ এ বর্ণিত কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ০৩ সদস্য বিশিষ্ট ০১টি এবং ৩.২ এ বর্ণিত দক্ষতা উন্নয়নের ক্ষেত্র চিহ্নিতকরণ ও প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন-এর নিমিত্ত ০৩ সদস্য বিশিষ্ট ০১টি অর্থাৎ পৃথক ০২টি কমিটি গঠন করতে হবে।

০৬। ফাউন্ডেশনের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বৈদেশিক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুরোধ পত্র প্রদান করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি

কার্যার্থে বিতরণঃ

- ০১। ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের সকল কর্মচারী।
- ০২। প্রকল্পের প্রধান কার্যালয়ের সকল কর্মচারী।
- ০৩। সংশ্লিষ্ট নথি।
- ০৪। অফিস কপি।